11 MAR 2016
তারিখ: ~~10 MAR 2016~~
পৃ: ৪ কলাম: ৪

দৈনিক
ইত্তেফাক

## জাতীয় বিশ্ববিদ্যালয় মাস্টার্সে প্রাইভেট রেজিস্ট্রেশন রবিবার শুরু

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব প্রাইভেট কোর্সের রেজিস্ট্রেশন আগামী ১৩ মার্চ শুরু হয়ে ৪ এপ্রিল তারিখ পর্যন্ত চলবে।

এই ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/mp) থেকে জানা যাবে।

### মাস্টার্স শেষ পর্বের ফরম পূরণের সময় বাড়লো

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের এমএ/ এমএসএস/ এমবিএস/এমএসসি/এমমিউজ শেষ পর্ব (আইসিটিসহ) পরীক্ষার ফরম পূরণের সময় বাড়ানো হয়েছে। বিলম্ব ফিসহ আগামী ১৪ মার্চ হতে ২৪ মার্চ পর্যন্ত এ সময় বাড়লো।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd) ও (www.nubd.info/mf) থেকে জানা যাবে। গতকাল বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর এসব তথ্য জানিয়েছে।